গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়,নওগাঁ
(রাজস্ব শাখা-১০৬)
www.naogaon.gov.bd

তারিখ: ০৭/১২/১৪২৭বঙ্গাব্দ
২১/০৩/২০২১খ্রিস্টাব্দ।

স্মারক নং-৩১..৪৩.৬৪০০.১০৬.০২.০১৭.২০২০-৭০২

## "বালুমহাল ইজারার দরপত্র বিজ্ঞপ্তি"

বালুমহাল ও মাটি ব্যবস্থাপনা বিধিমালা, ২০১১ এর নির্দেশনা মোতাবেক নওগাঁ জেলার নিম্নবর্ণিত ইজারাযোগ্য বালুমহাল বাংলা ১৪২৮ সনের জ ইজারা প্রদানের নিমিত্ত নওগাঁ জেলার এ কার্যালয়ের নিবন্ধিত প্রথম শ্রেনীর তালিকাভুক্ত /লাইসেন্সধারী ব্যক্তি বা প্রতিষ্ঠানের নিকট হতে সীলমোহরকৃত খামে দর আহবান করা যাচ্ছে। বালুমহালের দরপত্রের বিস্তারিত শর্তাবলীসহ দরপত্র ফরম নির্ধারিত তারিখ পর্যন্ত অফিস চলাকালীন বিভাগীয় কমিশনার মহোদয়ের কার্যাল রাজশাহী বিভাগ, রাজশাহী, জেলা প্রশাসকের কার্যালয়, রাজস্ব শাখা,নওগাঁ এবং সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে নির্ধারিত নগদমূল্যে (অফেরতযোগ সংগ্রহ করা যাবে। দরপত্র দাখিলের ধার্য তারিখে উক্ত অফিসসমুহে রক্ষিত দরপত্র বাক্সে দরপত্র দাখিল করা যাবে। দরপত্র দাখিলের ধার্য তারিখেই বেলা ১.১৫ ঘটিক সময় দরপত্র দাতাদের সম্মুখে (যদি কেউ উপস্থিত থাকেন) বাক্স খোলা হবে এবং ঐদিনই বেলা ৪.৩০ ঘটিকায় জেলা প্রশাসকের সভাকক্ষে দরপত্রসমুহের খাম দর দাতাদের উপস্থিতিতে (যদি কেউ উপস্থিত থাকেন) খোলা হবে। বালুমহালের বিস্তারিত তফশিল ও ইজারা সংক্রান্ত শর্তাবলী জেলা প্রশাসকের কার্যালয়ে ও সংশ্লি উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় থেকে সংগ্রহ করা যাবে।

### বাংলা ১৪২৮ সনে ইজারাযোগ্য বালুমহালের তফসিল

| ক্রং নং | উপজেলার নাম | বালুমহালের নাম | মৌজা সংখ্যা | আয়তন (একর) | সরকারী ইজারামূল্য | সিডিউলমূল্য |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| ০১ | আত্রাই | আত্রাই উপজেলার আত্রাই নদীর বালুমহাল | ০৮ | ৩৯.৯৫ | ৯৫৩৪৭৫/- | ২,০০০/- |
| ০২ | আত্রাই | আত্রাই উপজেলার গুড় নদীর বালুমহাল | ০৮ | ৭০.৩৪ | ২০৫৩৬৮৩/- | ১০০০/- |
| ০৩ | পোরশা | পোরশা উপজেলা পূর্ণর্ভবা নদীর বালুমহাল | ০৩ | ৩৫.১০ | ৬,০৫,৮৪২/- | ১০০০/- |
| ০৪ | সাপাহার | সাপাহার উপজেলার পূর্ণর্ভবা নদীর বালুমহাল | ০২ | ৮.৭৬ | ৬৩৭৮২৮/-/- | ১০০০/- |
| ০৫ | পত্নীতলা | পত্নীতলা উপজেলার আত্রাই নদীর বালুমহাল | ০৮ | ১৫৭.৩২ | ৫৩,৩৯,৪০০/- | ৩০০০/- |
| ০৬ | ধামইরহাট | ধামইরহাট উপজেলার আত্রাই নদীর বালুমহাল | ০৭ | ১০৫.৮০ | ৩৩,০৭,৯৭৫/- | ৩০০০/- |
| ০৭ | মহাদেবপুর | মহাদেবপুর উপজেলার আত্রাই নদীর বালুমহাল (উজান অংশ) | ০৮ | ১৫৯.৩০ | ৮৭,৮৬,২১৬/- | ৩০০০/- |
| ০৮ | মহাদেবপুর | মহাদেবপুর উপজেলার আত্রাই নদীর বালুমহাল (ভাটি অংশ) | ০৮ | ১৬৮.৫৮ | ৯২,৯৮,০৫৬/- | ৩০০০/ |
| ০৯ | মান্দা | মান্দা উপজেলার আত্রাই নদীর উজান অংশের বালুমহাল | ০৪ | ২৯৩.৫০ | ১৩৬৩৮৯০০/- | ৫০০০/- |
| ১০ | মান্দা | মান্দা উপজেলার ফকিন্নী নদীর বালুমহাল | ০৯ | ৪০.৩৪ | ৮৬,১৬৮/- | ১০০০/- |
| ১১ | মান্দা | মান্দা উপজেলার আত্রাই নদীর ভাটি অংশের বালুমহাল | ১১ | ৩৪৬.৩০ | ৪৭,৬০৬৫১/- | ৩০০০/- |
| ১২ | বদলগাছি | বদলগাছি উপজেলার ছোট যমুনা নদীর বালুমহাল | ১৩ | ৯০.৮৭ | ৫২৮৪৫৮২/- | ৩০০০/- |

### দরপত্রের সিডিউল বিক্রয়/ক্রয়, দরপত্র দাখিল এবং খোলার তারিখ ও সময়সূচী

| বার | দরপত্র বিক্রি/ক্রয়ের তারিখ ও সময় | দরপত্র গ্রহণ/দাখিলের তারিখ ও সময় | দরপত্র গ্রহণ/দাখিলের বাক্স খোলার তারিখ ও সময় | দরপত্র খাম খোলার তারিখ, সময় ও স্থান | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১ম | বিজ্ঞপ্তি জারীর পর থেকে ০৫/০৪/২১ তারিখ পর্যন্ত | ০৬/০৪/২০২১ তারিখ বেলা ১.০০ টা পর্যন্ত | ০৬/০৪/০৩/২০২১ তারিখ বেলা ১.১৫ টা | ০৬/০৪/২০২১ তারিখ বিকাল ৪.৩০ টা, জেলা প্রশাসক, নওগাঁ এর সভাকক্ষ | |
| ২য় | ০৮/০৪/২০২১ তারিখ পর্যন্ত অফিস চলাকালীন সময় | ১১/০৪/২০২১ তারিখ বেলা ১.০০ টা পর্যন্ত | ১১/০৪/২০২১ তারিখ বেলা ১.১৫ টা | ১১/০৪/২০২১ তারিখ বিকাল ৪.৩০ টা, জেলা প্রশাসক, নওগাঁ এর সভাকক্ষ | |
| ৩য় | ২০/০৪/২০২১ তারিখ পর্যন্ত অফিস চলাকালীন সময় | ২১/০৪/২০২১ তারিখ বেলা ১.০০ টা পর্যন্ত | ২১/০৪/২০২১ তারিখ বেলা ১.১৫ টা | ২১/০৪/২০২১ তারিখ বিকাল ৪.৩০ টা, জেলা প্রশাসক, নওগাঁ এর সভাকক্ষ | |
| ৪র্থ | ২৭/০৪/২০২১ তারিখ পর্যন্ত অফিস চলাকালীন সময় | ২৮/০৪/২০২১ তারিখ বেলা ১.০০ টা পর্যন্ত | ২৮/০৪/২০২১ তারিখ বেলা ১.১৫ টা | ২৮/০৪/২০২১ তারিখ বিকাল ৪.৩০ টা, জেলা প্রশাসক, নওগাঁ এর সভাকক্ষ | |
| ৫ম | ০৫/০৫/২০২১ তারিখ পর্যন্ত অফিস চলাকালীন সময় | ০৬/০৫/২০২১ তারিখ বেলা ১.০০ টা পর্যন্ত | ০৬/০৫/২০২১ তারিখ বেলা ১.১৫ টা | ০৬/০৫/২০২১ তারিখ বিকাল ৪.৩০ টা, জেলা প্রশাসক, নওগাঁ এর সভাকক্ষ | |
| ৬ষ্ঠ | ১৮/০৫/২০২১ তারিখ পর্যন্ত অফিস চলাকালীন সময় | ১৯/০৫/২০২১ তারিখ বেলা ১.০০ টা পর্যন্ত | ১৯/০৫/২০২১ তারিখ বেলা ১.১৫ টা | ১৯/০৫/২০২১ তারিখ বিকাল ৪.৩০ টা, জেলা প্রশাসক, নওগাঁ এর সভাকক্ষ | |

২১/৩/২১
(মোঃ হারুন-অর-রশীদ)
জেলা প্রশাসক
ও
সভাপতি
জেলা বালু ও মাটি ব্যবস্থাপনা কমিটি, নওগাঁ।

শর্তাবলী

০১। ১ম বারে দরপত্র দাখিল করা যাবে। ১ম বারে সরকারি ইজারামুল্য পাওয়া না গেলে, ২য় বারে দাখিল করা যাবে। ২য় বারে সরকারি ইজারামূল্য পা গেলে ৩য় বারে দরপত্র দাখিল করা যাবে। ৩য় বারে ইজারামূল্য পাওয়া না গেলে ৪র্থ বারে দরপত্র দাখিল করা যাবে। ৪র্থ বারে ইজারামূল্য পাওয়া ন ৫ম বারে দরপত্র দাখিল করা যাবে। ৫ম বারে ইজারামূল্য পাওয়া না গেলে ৬ষ্ঠ বারে দরপত্র দাখিল করা যাবে।

০২। সীলমোহরকৃত খামে দরপত্র দাখিল করতে হবে। খামের উপরে বালুমহালের নাম সুস্পষ্টভাবে লিখতে হবে।

০৩। দরপত্রের ফরমের নির্দিষ্ট স্থানে আবেদনকারীর স্বাক্ষর থাকতে হবে। উদ্ধৃত দর অংকে ও কথায় লিখতে হবে। দরপত্র ফরমে কোন কাটা ছেড়া ঘষামা করা যাবে না।

০৪। ইজারার মেয়াদ ১৪২৮ বাংলা সনের ০১ বৈশাখ হতে ৩০শে চৈত্র পর্যন্ত বলবৎ থাকবে। জেলা বালুমহাল ব্যবস্থাপনা কমিটি কর্তৃক যে তারিখেই বালুম ইজারা প্রদান করা হোক না কেন দখল গ্রহণ ১লা বৈশাখ থেকে কার্যকর হবে।

০৫। দরপত্রের সাথে উদ্ধৃত মূল্যের ২৫% অর্থ জামানত হিসেবে জেলা প্রশাসক, নওগাঁ বরাবরে তফসিলী ব্যাংক কর্তৃক প্রদত্ত ব্যাংক ড্রাফট/পে-অর্ডার দাখি করতে হবে।

০৬। হালনাগাদকৃত ট্রেড লাইসেন্স, নবায়নকৃত টি, আই, এন নম্বরসহ হালসন পর্যন্ত আয়কর প্রদানের সনদপত্র, সিডিউল ব্যাংক কর্তৃক প্রদত্ত অস্বচ্ছলতার এবং সার্টিফিকেট দরপত্রের সাথে দাখিল করতে হবে।

০৭। দরপত্রের সঙ্গে লাইসেন্স/সনদপত্রের সত্যায়িত কপি দাখিল করতে হবে।

০৮। বালু উত্তোলনে ব্যবহৃত পরিবহনের ব্যবস্থা দরপত্রে ফরমে উল্লেখ করতে হবে।

০৯। দরপত্রের সাথে সংশ্লিষ্ট বালুমহালের স্কেচম্যাপ/মৌজাম্যাপ সংশ্লিষ্ট উপজেলা ভূমি অফিস হতে সংগ্রহ করে দাখিল করতে হবে।

১০। গৃহীত বালুমহালের ইজারামূল্যের উপর ১৫% ভ্যাট ও ৫% আয়কর প্রদান করতে হবে। সরকার কর্তৃক সময় সময় জারিকৃত কর/পাওনাদি প করতে হবে। দরপত্র গৃহীত হবার পর ০৭(সাত) দিনের মধ্যে ইজারামূল্যসহ সমুদয় অর্থ(ভ্যাট, আয়কর এবং সরকার কর্তৃক নির্ধারিত অন সরকারের অনকূলে জমা দিতে হবে। সমুদয় অর্থ পরিশোধের ০৭(সাত) কর্মদিবসের মধ্যে নিজ দায়িত্বে ৩০০/(তিন শত) টাকার ননজুডিশিয়াল চুক্তিপত্র সম্পাদন করতে হবে এবং সংশ্লিষ্ট উপজেলা/ইউনিয়ন ভূমি অফিস হতে বিধি মোতাবেক ০৩(তিন) দিনের মধ্যে দখল গ্রহণ করে অন্যথায় পরবর্তীতে দখল দেয়ার বিষয়ে কোন প্রকার ওজর আপত্তি গ্রহণযোগ্য হবে না।বালুমহালের দখল বুঝে না পাওয়া বালুমহাল হতে বালু উত্তে ড্রেজিং করা যাবে না। যে কোন পর্যায়ে কোন দর সন্তোষজনক মর্মে গৃহীত হলে পরবর্তী পর্যায়ে সংশ্লিষ্ট বালুমহাল ইজারার জন্য আর কোন সিডিউ করা হবে না।

১১। নির্ধারিত সময়ের মধ্যে সমুদয় অর্থ পরিশোধে ব্যর্থ হলে ইজারা আদেশ বাতিলসহ জামানতের অর্থ বাজেয়াপ্ত করা হবে এবং বালুমহালটি পূন: ইজা করা হবে।

১২। ইজারা কর্তৃক কোন কারণে সর্বোচ্চ দর অনুমোদন না থাকলে অনুমোদনকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত অনুযায়ী পরবর্তী ব্যবস্থা নেয়া হবে। এ ব্যাপারে কো ওজর আপত্তি গ্রহণযোগ্য হবে না।

১৩। নৌ-পথের অবকাঠামো পরিবর্তন করা যাবে না।

১৪। নদীর স্বাভাবিক বৈশিষ্ট অক্ষুন্ন রেখে ১:.৩ ঢাল সংরক্ষণ করে বালু বা মাটি উত্তোলন করতে হবে এবং কোন স্থানে অস্বাভাবিক গভীরতায় ন করা যাবে না।

১৫। ড্রেজিংয়ের ফলে কোন স্থানে স্থাপিত কোন গ্যাস লাইন, বিদ্যুৎ লাইন, পয়নিষ্কাশন লাইন বা অন্য কোন গুরুত্বপূর্ণ লাইন ক্ষতিগ্রস্থ হওয়ায় আশংকা এরুপ স্থান থেকে বালু উত্তোলন করা যাবে না।

১৬। বালু উত্তোলনকালে নৌ-চলাচলের কোন বিঘ্ন সৃষ্টি করা যাবে না এবং রাত্রিকালে বালু বা মাটি খনন করা যাবে না।

১৭। বালু বা মাটি খননের সময় সতর্কতা মূলক ব্যবস্থা হিসেবে লাল পতাকা প্রদর্শন করতে হবে এবং যেখানে ''নোঙ্গর নিষিদ্ধ'' সাইনবোর্ড আছে সে স্থা করা যাবে না।

১৮। বালু বা মাটি উত্তোলনের সময় স্থানীয় জনগণের জায়গা জমি ক্ষতিগ্রস্থ করা যাবে না এবং ক্ষতির সম্মুখিন হলে ইজারা গ্রহিতা নিজ উদ্যেগে তা করতে হবে। তাতে ইজারাদাতা কোনরুপ হস্তক্ষেপ করবে না বা দায়ী থাকবে না।

১৯। বালু বা মাটি উত্তোলনকালে কোন প্রকার দুর্ঘটনার জন্য ইজারাদাতা দায়ী থাকবে না। যে কোন প্রকার ক্ষতির জন্য ইজারা গ্রহিতা দায়ী থাকবেন এ প্রকার ক্ষতিপূরণের দাবী আসলে তা ইজারা গ্রহীতাকে বহন করতে হবে।

২০। নদীর ভূ- প্রাকৃতিক পরিবেশ, মৎস্য, জলজপ্রাণী বা উদ্ভিদ বিনষ্ট করে বালু উত্তোলন করা যাবে না। জীব বৈচিত্র সংরক্ষণ ও পরিবেশ দূষণমুক্ত রাখত

২১। বালু উত্তোলনের বিষয়ে সরকার কর্তৃক জারীকৃত সকল সারকুলার, বিধি-বিধান ও আইনসমুহ মেনে চলতে হবে। বর্ণিত কোন শর্ত ভঙ্গ তাৎক্ষনিকভাবে বালু উত্তোলন বন্ধ করে দেয়া হবে এবং ইজারা বাতিল করা হবে।

২২। উত্তোলিত বালু বা মাটি কোন অবস্থাতেই নদীর তীরে বা নদীতে ফেলা যাবে না।

২৩। সেতু, কালভার্ট, ড্যাম বাঁধ, সড়ক, মহাসড়ক, বন, রেললাইন ও অন্যান্য গুরুত্বপূর্ণ সরকারি ও বে-সরকারি স্থাপনা অথবা আবাসিক এলাকা থেকে স ০১(এক) কিলোমিটার বা সংশ্লিষ্ট কর্তৃপক্ষ নির্ধারিত সীমানার মধ্যে বালু উত্তোলন করা যাবে না।

২৪। ড্রেজারের মাধ্যমে বালু বা মাটি উত্তোলন শেষে ড্রেজিং সংক্রান্ত যাবতীয় মালামাল (যেমন ড্রেজার, পাইপ ইত্যাদি) ইজারা গ্রহীতা দ্রুত সাইট হতে নিতে বাধ্য থাকবেন।

২৫। প্রস্তাবিত এলাকা হতে মাটি কাটার সময় নৌ-চলাচলের কোন প্রতিবন্ধকতা সৃষ্টি করা যাবে না।

২৬। ড্রেজিংয়ের মাধ্যমে বালু উত্তোলনের ফলে নদীর তীর ভাঙ্গানের আশংকা থাকলে এরুপ স্থান থেকে বালু উত্তোলন করা যাবে না।।

২৭। ইজারাদার সূর্যোদয় হতে সূর্যাস্ত পর্যন্ত বালু আহরণ করতে পারবেন। এর অন্যথায় বালু আহরণ করতে হলে জেলা কমিটির সভাপতির লিখিত ত গ্রহণ করতে হবে।

২৮। মাছের প্রজনন সময়ে ও প্রজনন ক্ষেত্র হতে বালু উত্তোলন বন্ধ রাখতে হবে।

২৯। বালু উত্তোলনের নিমিত্ত প্রচলিত বলগেড ড্রেজার মেশিন ব্যবহার করা যাবে না এবং বালুমহাল সীমানায় মজুদ রাখা যাবে না।

৩০। বিদ্যমান সরকারি বিধি-বিধান এবং সরকার কর্তৃক সময় সময় জারীকৃত যাবতীয় বিধি-বিধান অনুসরণ করতে হবে।

৩১। নদী ভাঙ্গন এলাকায় নদীর তীরবর্তী জমির মাটি উত্তোলন ও বিক্রয় করা যাবে না।

৩২। কোন অবস্থাতেই বালু ব্যতীত অন্য কোন খনিজ দ্রব্য উত্তোলন করা যবে না কিংবা মালিকানা দাবী করা যাবে না।

৩৩। বালুমহালগুলো যেখানে যে অবস্থায় রয়েছে, সে অনুযায়ী ইজারা দেয়া হবে। বালুমহালের বাস্তব অবস্থান (সীমানা) পরিবর্তন হতে পারে এবং বাল আয়তন কম/বেশী হতে পারে। এ বিষয়ে কোন আপত্তি উত্থাপন করা হলে তা গ্রহণযোগ্য হবে না। কর্তৃপক্ষের সিদ্ধান্ত চুড়ান্ত বলে গন্য হবে।

৩৪। ইজারা প্রদানকৃত কোন বালুমহাল এলাকায় সরকারের অন্য কোন প্রকল্পো নদী ড্রেজিং শুরু হলে ড্রেজিং কর্তৃপক্ষের সাথে সমন্বয়সাপেক্ষে বালু উত্তোলন করতে হবে।

৩৫। বালুমহাল ইজারা মেয়াদ চলাকালীন আদালতের স্থগিতাদেশ/স্থিতাবস্থা/নিষেধাজ্ঞা বলবতের কারনে ইজারা গ্রহীতা ক্ষতিগ্রস্থ হলে তার জন্য কোন প্রকার ক্ষতিপূরণ দাবী করা যাবে না।

৩৬। সরেজমিনে বালুমহালের বাস্তব অবস্থা দেখে দরপত্র দাখিল করতে হবে। ইজারা গ্রহণের পর কোন প্রকার ওজর আপত্তি উত্থাপন করা হলে তা গ্রহণযোগ হবে না।

৩৭। যে কোন দৈবদুর্বিপাক বা মহামারী সৃষ্টি হলে অথবা অন্য কোন কারণে বালু উত্তোলন বন্ধ থাকলে ইজারা বিষয়ে কোন প্রকার ওজর আপত্তি উত্থাপন করা যাবে না অথবা ক্ষতিপুরণ দাবী করা যাবে না।

৩৮। বালুমহাল ইজারা বন্দোবস্তের দরপত্র মঞ্জুর/না-মঞ্জুর/ বাতিলের সুপারিশ প্রদানের ক্ষেত্রে কমিটি সর্বময় ক্ষমতা সংরক্ষণ করেন।

৩৯। অকৃতকার্য দরদাতার দাখিলকৃত জামানত (ব্যাংক ড্রাফট/পে-অর্ডার) জেলা কমিটির সিদ্ধান্তের পর ফেরত দেয়া হবে এবং কৃতকার্য দরপত্রদাতার দাখিলকৃত জামানত (ব্যাংক ড্রাফট/পে-অর্ডার) ইজরামূল্যের সাথে সমন্বয় করা হবে।

৪০। বালুমহাল ও মাটি ব্যবস্থাপনা আইন, ২০১০ এবং বালুমহাল ও মাটি ব্যবস্থাপনা বিধিমালা ২০১১ এ বর্ণিত বিধিসমুহ ইজারার ক্ষেত্রে প্রযোজ্য শর্ত মে গন্য হবে।

৪১। ইজারা গ্রহীতা কোন অবস্থাতেই নির্ধারিত তফশিল বর্ণিত এলাকার বাইরে বালু উত্তোলন করতে পারবে না।

৪২। উপরিউক্ত শর্তাবলীর যে কোন এক বা একাধিক শর্তের ব্যতয় ঘটলে ইজারা বাতিল বলে গন্য হবে এবং সরকারি সম্পত্তির ক্ষতিসাধন করার জ ক্ষতিপুরণ আদায়সহ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

৪৩। বালুমহালের নির্ধারিত পরিসীমার বাইরে থেকে অবৈধভাবে বালু উত্তোলন করলে এবং উত্তোলনের স্থানে ব্রীজ/বাড়ীঘর/ অবকাঠামো/নদীর বাঁধ ক্ষতিগ্রস্থ হলে ইজারা বাতিল করা হবে।

৪৪। যুক্তিসংগত কারণে যে কোন দরপত্র গ্রহণ/বাতিল করার ক্ষমতা ইজারা প্রদানকারী কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

৪৫। কোন আদালতে মামলার স্থগিতাদেশ/স্থিতাবস্থার কারণে কোন বালুমহালের ইজারার কার্যক্রম স্থগিত করা হলে পরবর্তীতে যে পর্যায়ে মামলাটি নিস্পত্তি/ প্রত্যাহার করা হবে সেই পর্যায়ে সিডিউল বিক্রি করা হবে এবং ইজারার কার্যক্রম গ্রহণ করা হবে।

৪৬। ভুল/মিথ্যা তথ্য সম্বলিত এবং অসম্পূর্ণ দরপত্র বিবেচনাযোগ্য নয়।

৪৭। কোন প্রকার কারণ দর্শানো ব্যতিরেকেই যে কোন সময় যে কোন পর্যায়ে কর্তৃপক্ষ এ বিজ্ঞপ্তির কার্যকারিতা পরিবর্তন/পরিবর্ধন /স্থগিত/বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

২৯/৩/২১
জেলা প্রশাসক
নওগাঁ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়,নওগাঁ
(রাজস্ব শাখা-১০৬)
**www.naogaon.gov.bd**

স্মারক নং-৩১..৪৩.৬৪০০.১০৬.০২.০১৭.২০২০- ৭০২(১৯৫)

তারিখ: ০৭/১১/১৪২৭বঙ্গাব্দ
২১/০৩/২০২১খ্রিস্টাব্দ।

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য প্রেরণ করা হলো:( জ্যেষ্টতার ক্রমানুসারে নয়)

০১। সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। চেয়ারম্যান, ভূমি সংস্কার বোর্ড, ১৪১-১৪৩ মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা।
০৩। বিভাগীয় কমিশনার, রাজশাহী বিভাগ, রাজশাহী।
০৪। চেয়ারম্যান, বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ-পরিবহন কর্তৃপক্ষ, ১৪১-১৪৩, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা।
০৫। পরিচালক, খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো, ভূ-তত্ত্ব ভবন, কক্ষ নম্বর-৮২০,১৫৩-পাইনিয়ার রোর্ড, সেগুনবাগিচা, ঢাকা।
০৬। সহকারী পরিচালক,পরিবেশ অধিদপ্তর, নওগাঁ জেলা কার্যালয়, উত্তরা স্কুল মোড়, নওগাঁ।
০৭। পুলিশ সুপার, নওগাঁ।
০৮-১০। মেয়র, নওগাঁ পৌরসভা/নজিপুর পৌরসভা/ ধামইরহাট পৌরসভা, নওগাঁ (নোটিশ বোর্ডে টাঙ্গিয়ে ব্যাপক প্রচারের জন্য )।
১১। নির্বাহী প্রকৌশলী, পানি উন্নয়ন বোর্ড , নওগাঁ।
১২। নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ, নওগাঁ।
১৩-২৩। উপজেলা নির্বাহী অফিসার, ........................................ (সকল), নওগাঁ (ব্যাপক প্রচারের জন্য)।
২৪-৩৪। সহকারী কমিশনার (ভূমি), ........................................ (সকল), নওগাঁ (ব্যাপক প্রচারের জন্য)।
৩৫-৪৫। সাব-রেজিস্ট্রার-----------------------.........(সকল), নওগাঁ (ব্যাপক প্রচারের জন্য)।
৪৬। উপ -পরিচালক, জেলা তথ্য অফিসার, নওগাঁ (ব্যাপক প্রচারের জন্য)।
৪৭। প্রোগামার, জেলা প্রশাসকের কার্যালয়, নওগাঁ। বিজ্ঞপ্তিটি ওয়েবসাইটে প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো।
৪৮-১৪৭। চেয়ারম্যান ........................................ ইউপি, পোঃ........................ উপজেলা-........................জেলা- নওগাঁ (ব্যাপক প্রচারের জন্য)।
১৪৭-১৯৫। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা, ........................................, ইউনিয়ন ভূমি অফিস, ডাকঘর ........................ উপজেলা ........................, জেলা- নওগাঁ।

২৯/৩/২১
জেলা প্রশাসক
নওগাঁ।